

Hizb ut-Tahrir Britain

The Liberation Party

গৃহবন্দী মহিউদ্দিন আহমেদের মুক্তির দাবীতে বাংলাদেশ দুতাবাসের সামনের হিবুত তাহরীর ব্রিটেনের বিক্ষোভ সমাবেশ ।

৯ই ডিসেম্বর, ২০০৯, লন্ডন - আওয়ামী সরকার কর্তৃক বাংলাদেশে হিবুত তাহরীর নিষিদ্ধ ঘোষণা ও প্রধান সমন্বয়ক ঢাকা বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক জনাব মহিউদ্দিন আহমেদের বেআইনী গৃহবন্দীর প্রতিবাদ জানাতে বহুসংখ্যক নর-নারী বাংলাদেশ দুতাবাসের সামনে বিক্ষোভে ফেটে পড়ে । উক্ত বিক্ষোভ সমাবেশে হিবুত তাহরীরের সিনিয়র সদস্য লিয়াকত সরকারের পরিচালনায় বক্তব্য রাখেন বাংলামিডিয়া প্রতিনিধি মুজিবুল ইসলাম ও কেন্দ্রীয় মিডিয়া প্রতিনিধি তাজী মুস্তাফা ।

জনাব মুজিবুল ইসলাম বলেন, তাবেদার এই আওয়ামী সরকার আজ মার্কিন-ভারতীয় পরিকল্পনা বাস্তবায়ন যেমন চট্টগ্রামের নৌবন্দর হস্তান্তর, ভারতের করিডোর, যৌথ মহড়ার নামে বঙ্গোপসাগরে আমেরিকার স্থায়ী নৌঘাটি স্থাপন, টিফা চুক্তি এবং টিপাইমুখ বাধের মত জাতীয় স্বার্থ ও সার্বভৌমত্ব বিরোধী কার্যক্রম চালিয়ে যাচ্ছে । এর বিরুদ্ধে সোচ্চার প্রতিবাদ জানাতেই বিদেশী মদদপুষ্ট আওয়ামী সরকার হিবুত তাহরীরকে করেছে নিষিদ্ধ এবং মহিউদ্দিন আহমেদকে করে রেখেছে গৃহবন্দী ।

জনাব তাজী মুস্তাফা বলেন, সন্ত্রাসের বিরুদ্ধে যুদ্ধের নামে আজ দক্ষিণ এশিয়ায় মুসলমান দেশগুলোতে ইসলাম ও মুসলমান নিধন করার চক্রান্তে লিপ্ত হয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র । মুসলমান দেশগুলোতে ধ্বংসাত্মক বিশৃঙ্খলা সৃষ্টির মাধ্যমে যেমন আফগানিস্তান দখল করে পাকিস্তানে সন্ত্রাসী আগ্রাসন চালিয়ে সে তার পরিকল্পনাই বাস্তবায়ন করছে । ইসলামের উত্থান ও খেলাফত রাষ্ট্র প্রতিষ্ঠায় ভীত হয়ে আমেরিকা তার তাবেদার শাসকগোষ্ঠীদের মাধ্যমে তার নিজস্ব নীতিমালার অনুসারে এতদঞ্চলকে গড়ে তোলার সর্বাত্মক প্রয়াস চালিয়ে যাচ্ছে ।

বক্তারা হিবুত তাহরীরের উপর নিষিদ্ধাজ্ঞা তুলে নেয়ার এবং হিবুত তাহরীরের নেতা মহিউদ্দিন আহমেদের দূত মুক্তির দাবি জানান । সেই সাথে আওয়ামী-মার্কিন-ভারতীয় চক্রান্তের বিরুদ্ধে রুখে দাঁড়াতে হিবুত তাহরীরের সাথে জনগনকে কাজ করতে উদাত আহবান জানান । পরিশেষে হিবুত তাহরীরের পক্ষ থেকে মুজিবুল ইসলাম, তাজী মুস্তাফা ও সলিসিটর আব্দুল কুদ্দুস বেআইনী ভাবে দলটি নিষিদ্ধ ঘোষণার ও মহিউদ্দিন আহমেদের গৃহবন্দীর বিরুদ্ধে তীব্র নিন্দাজ্ঞাপক স্মারকলিপি বাংলাদেশী রাষ্ট্রদূত বরাবরে হস্তান্তর করেন ।

মুজিবুল ইসলাম ।
বাংলা মিডিয়া প্রতিনিধি
হিবুত তাহরীর ব্রিটেন ।